বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

মুজিব বর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২২-২৩/ ৫৮০(১২৮৩) তারিখঃ ২৯/০৮/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০২ তারিখ ১৪/০৯/২০২১ এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

অত্র বিভাগের বিগত ১৩/১০/২০২১ তারিখের ৬৭৮ নম্বর পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০২ তারিখ ১৪/০৯/২০২১ এর আওতায় বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের কৃষি ঋণ বিভাগের ১৯/০৬/২০২২ তারিখের ৩২৪০ নং পত্রের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্দকৃত ১২৯০ কোটি টাকার সাথে আরও ২৫.০০ কোটি টাকা বৃদ্ধি করে সর্বমোট ১৩১৫.০০(এক হাজার তিনশত পনের কোটি) কোটি বরাদ্দ পুনঃনির্ধারণ করা হয়।

০২। এসিডি সার্কুলার নং ০২ এর আওতায় ২৫/০৮/২০২২ তারিখ ভিত্তিক ঋণ মঞ্জুরি ও বিতরণ কার্যক্রম পর্যালোচনান্তে এবং উক্ত প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে পুনঃবন্টন করা হলোঃ

**এসিডি সার্কুলার নং ০২ এর আওতায় পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা ঃ**

(কোটি টাকায়)

| ক্রমিক নং | বিভাগীয় কার্যালয়ের নাম | ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা (৩০ সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে বিতরনণযোগ্য) | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের ২৫/০৮/২০২২ তারিখ ভিত্তিক | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার ২৫/০৮/২০২২ তারিখ ভিত্তিক | বর্ধিত/হ্রাসকৃত লক্ষ্যমাত্রা | ঋণ বিতরনের পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা (৩০ সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে বিতরণযোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | ঢাকা | ২৩৫.৫০ | ২৩০.৩৪ | ৯৭.৮১% | - | ২৩৫.৫০ | অপরিবর্তিত |
| ০২ | ময়মনসিংহ | ২২৫.৫০ | ২১৪.০৪ | ৯৪.৯২% | - | ২২৫.৫০ | অপরিবর্তিত |
| ০৩ | চট্টগ্রাম | ৮৫.০০ | ৭৯.৮৩ | ৯৩.৯২% | - | ৮৫.০০ | অপরিবর্তিত |
| ০৪ | খুলনা | ২১৪.৫০ | ২১৩.৫৭ | ৯৯.৫৭% | (+) ১.০০ | ২১৫.৫০ | বর্ধিত |
| ০৫ | বরিশাল | ১১৫.০০ | ১০২.৯৪ | ৮৯.৫২% | - | ১১৫.০০ | অপরিবর্তিত |
| ০৬ | সিলেট | ৭৫.০০ | ৬০.৩২ | ৮০.৪৩% | (-) ৫.০০ | ৭০.০০ | হ্রাসকৃত |
| ০৭ | কুমিল্লা | ১৩৫.০০ | ১৩২.৮১ | ৯৮.৩৮% | (+)১.০০ | ১৩৬.০০ | বর্ধিত |
| ০৮ | ফরিদপুর | ১০৮.৫০ | ১০৫.৬৪ | ৯৭.৩৬% | (+) ১.০০ | ১০৯.৫০ | বর্ধিত |
| ০৯ | কুষ্টিয়া | ১২০.৫০ | ১১৮.৯০ | ৯৮.৬৭% | (+) ২.৪০ | ১২২.৯০ | বর্ধিত |
| ১০ | এলপিও | ০.৫০ | ০.০০ | ০% | (-) ০.৪০ | ০.১০ | হ্রাসকৃত |
| সর্বমোট | | ১৩১৫.০০ | ১২৫৮.৩৯ | ৯৫.৭০% | | ১৩১৫.০০ | |

চলমান পাতা-০২

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০২ তারিখ ১৪/০৯/২০২১ এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

০৩। সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ (চট্টগ্রাম, ঢাকা, বরিশাল, ময়মনসিংহ) উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়/ কর্পোরেট শাখার পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে উক্ত কার্যালয় সমূহে ০৩ (তিন) দিনের মধ্যে পুনঃবন্টন করবেন এবং একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগন শাখাসমূহের মধ্যে বন্টন করবেন। এছাড়া নিজ নিজ বিভাগাধীন ও অঞ্চলসমূহ স্ব স্ব অঞ্চল ও শাখাসমূহকে নির্ধারিত সীমার মধ্যে ঋণ বিতরণ লক্ষমাত্রা পুনঃবিন্যাস করতে পারবেন। এভাবে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা আগামী ৩১/০৮/২০২২ তারিখের মধ্যে বন্টন করে তার তথ্য অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। **বাস্তবতার নিরিখে অতিরিক্তি বাজেট বরাদ্দের প্রয়োজন হলে ক্রেডিট বিভাগের সাথে যোগাযোগ করে বরাদ্দ নেয়া যাবে।**

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ এর এসিডি সার্কুলার নং ০২ তারিখ ১৪/০৯/২০২১ এবং অত্র বিভাগ কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং-৪৬৬, ৬৭৮ ও ২৭১৭, ২১০ তারিখ ১৫/০৯/২০২১, ১৩/১০/২০২১, ২১/০৬/২০২২ এবং ০৩/০৮/২০২২ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ঋণ বিতরণের পুনঃনির্ধারিত_লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। উল্লেখ্য যে, লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে তার দায়ভার সংশ্লিষ্টদের বহন করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৯/০৮/২২

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১,

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২২-২৩/ ৫৮৩(১২৫০) তারিখঃ ২৯/০৮/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

Ahossain
29/08/2022

(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক